তারিখ ...... পৃষ্ঠা ...... কলাম ......

NOV. 20 2002

### দুই গ্রুপে হাতাহাতি, ভাঙচুর

# রাজবাড়ী জেলা ছাত্রদলের সম্মেলন পণ্ড ।। বহিষ্কার ৪

রাজবাড়ী থেকে নিজস্ব সংবাদদাতা ঃ মঙ্গলবার রাজবাড়ীতে জেলা ছাত্রদলের সম্মেলন বানচাল ও সম্মেলনে ভাঙচুরের ঘটনায় সন্ধ্যায় পুলিশ ছাত্রদল নেতা ইব্রাহিম খলিল পিন্টুকে গ্রেফতার করেছে।

এদিকে এ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে জেলা ছাত্রদলের আহ্বায়ক রইসউদ্দিন ডিউকসহ ৪ জনকে বহিষ্কার করা হয়েছে।

কেন্দ্রীয় কমিটির আহ্বায়ক শাহাবুদ্দিন লাল্টুর উপস্থিতিতে সার্কিট হাউসে এক সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

উল্লেখ্য, জেলা ছাত্রদলের সম্মেলন স্থানীয় শিল্পকলা একাডেমীতে বানচাল হয়ে গেলে পরবর্তীতে বিকেলে সার্কিট হাউসে বিশেষ ব্যবস্থায় সম্মেলন অনুষ্ঠিত হয়।